

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

এস এস সি মডেল টেস্ট-১/২০২২

ফিন্যান্স ও ব্যাংকিং

সময়: ১ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান:(২০+১০)=৩০ নম্বর

সৃজনশীল-২০

(প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে।)

০১। মি. মুয়াম্মাম তার সঞ্চয়কৃত ৫০,০০,০০০ টাকা একটি ব্যাংকে ৩ বছরের জন্য জমা রাখতে চান। এ উদ্দেশ্যে পদ্মা ব্যাংক তাকে ৯% হারে প্রতি তিন মাস অন্তর চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। অন্যদিকে ইউনিক ব্যাংক তাকে ৯.৫০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে।

(ক) বাট্রকরণ কী?

(খ) প্রকল্প মূল্যায়ন কীভাবে করা হয়? ব্যাখ্যা করো।

(গ) পদ্মা ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় করো।

(ঘ) প্রকৃত সুদের হারের ভিত্তিতে কোন ব্যাংকে অর্থ জমা রাখা লাভজনক? সিদ্ধান্ত দাও।

০২। জনাব আরাফের কোম্পানির দুটি প্রকল্পের আর্থিক তথ্য নিম্নরূপ:

প্রকল্প: চাঁপা: বিক্রয়- ১ম বছর: ২,০০,০০০ টাকা; ২য় বছর: ২,৫০,০০০ টাকা এবং ৩য় বছর: ১,৫০,০০০ টাকা।

প্রকল্প: বেলা: বিক্রয়- ১ম বছর: ১,০০,০০০ টাকা; ২য় বছর: ২,০০,০০০ টাকা এবং ৩য় বছর: ৩,০০,০০০ টাকা।

উভয় প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫,০০,০০০ টাকা; চলতি খরচ (বিক্রয়ের) ৪০%; স্থায়ী খরচ ৫০,০০০ টাকা; অবচয় (বার্ষিক) ২০,০০০ টাকা এবং কর হার ৩০%।

(ক) মূলধন বাজেটিং-এর সবচেয়ে সরল ও জনপ্রিয় পদ্ধতি কোনটি?

(খ) নগদ প্রবাহ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো।

(গ) প্রকল্প 'চাঁপা'-এর গড় মুনাফার হার নির্ণয় করো।

(ঘ) জনাব আরাফের কোম্পানির কোন প্রকল্পটি অধিক লাভজনক? সিদ্ধান্ত দাও।

বহুনির্বাচনি-১০

০১। বিনিয়োকারীকে লক্ষ অর্জনে বাধা দেয় কোনটি ?

ক) আইন খ) সরকার গ) বিমা ঘ) ঝুঁকি

০২। প্রত্যাশা ও প্রাপ্তির ব্যবধান হওয়াকে কী বলে ?

ক) ক্ষতি খ) লাভ গ) ঝুঁকি ঘ) অনিশ্চয়তা

০৩। ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে পার্থক্য হলো-

i) ঝুঁকি পরিমাপ করা যায়

ii) অনিশ্চয়তা অপরিমাপযোগ্য

iii) অনিশ্চয়তা অগ্রহণযোগ্য

নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

০৪। ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে সম্পর্ক -

ক) সাধারণ খ) ধনাত্মক গ) ঋণাত্মক ঘ) বাজার ঝুঁকি

০৫। আয়ের উত্থান-পতনকে বলে-

ক) ঝুঁকি খ) আয় গ) ব্যয় ঘ) বিচ্যুতি

০৬। চলতি খরচ পরিচালনার অক্ষমতা থেকে কোন ঝুঁকি সৃষ্টি হয় ?

ক) আর্থিক ঝুঁকি

খ) তারল্য ঝুঁকি

গ) ব্যবসায়িক ঝুঁকি

ঘ) সুদ হারের ঝুঁকি

০৭। দীর্ঘমেয়াদী বিনিয়োগ সিদ্ধান্তে মূলধন বাজেটিং প্রক্রিয়ার ধাপ কয়টি ?

ক) ২

খ) ৩

গ) ৪

ঘ) ৫

০৮। মূলধন বাজেটিং প্রক্রিয়ার প্রথম ধাপ কোনটি ?

ক) বাট্রা হার নির্ধারণ

খ) আন্তঃআয় হার

গ) গড় মুনাফার হার

ঘ) নগদ প্রবাহ প্রাক্কলন

০৯। নগদ প্রবাহ বৃদ্ধির সাথে জড়িত নিচের কোনটি ?

ক) বিক্রয় খ) নগদ ক্রয় গ) বিমা খরচ ঘ) বেতন

১০। ভবিষ্যতের নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করা যায় কিভাবে ?

ক) নগদ প্রবাহ প্রাক্কলন

খ) চক্রবৃদ্ধিকরণ

গ) মূলধন বাজেটিং

ঘ) বাট্রাকরণ